# নাজাত প্রাপ্ত দলের আকীদাহ

বিভাগ/অধ্যায়ঃ প্রশ্ন এবং তাঁর উত্তরসমুহ

রচয়িতা/সঙ্কলকঃ হাফেয বিন আহমাদ আল-হাকামী (রহঃ)

প্রশ্নঃ (১০২) পরকালের প্রতি ঈমান আনয়নের দলীল কি?

উত্তরঃ পরকালের প্রতি ঈমান আনয়নের যথেষ্ট দলীল রয়েছে।

(১) আল্লাহ্ তাআ'লা বলেনঃ

إِنَّ الَّذِينَ لاَ يَرْجُونَ لِقَاءَنَا وَرَضُوا بِالْحَيَاةِ الدُّنْيَا وَاطْمَأَنُّوا بِهَا وَالَّذِينَ هُمْ عَنْ آيَاتِنَا غَافِلُونَ * أُولَئِكَ مَأْوَاهُمُ النَّارُ بِمَا كَانُوا يَكْسِبُونَ

“নিশ্চয়ই যেসব লোক আমার সাক্ষাৎ লাভের আশা রাখে না এবং পার্থিব জীবন নিয়েই উৎফুল্ল রয়েছে, তাতেই প্রশান্তি অনুভব করেছে এবং যারা আমার নিদর্শন সম্পর্কে অজ্ঞ। তারা ঐ সমস্ত লোক যাদের ঠিকানা হবে জাহান্নাম, সে কাজের বিনিময়ে তারা যা অর্জন করেছিল। (সূরা ইউনুসঃ ৭-৮) আল্লাহ্ তাআ'লা বলেনঃ

إِنَّمَا تُوعَدُونَ لَصَادِقٌ * وَإِنَّ الدِّينَ لَوَاقِعٌ

“তোমাদের সাথে যে বিষয়ের ওয়াদা করা হচ্ছে, তা সত্য। প্রতিদান দিবস অবশ্যই সংঘটিত হবে”। (সূরা যারিয়াতঃ ৫-৬) আল্লাহ্ তাআ'লা বলেনঃ

وَأَنَّ السَّاعَةَ آتِيَةٌ لاَ رَيْبَ فِيهَا

“কিয়ামত অবশ্যই সংঘটিত হবে। এতে কোন সন্দেহ নেই”। (সূরা গাফেরঃ ৫৯) এবিষয়ে আরো আয়াত রয়েছে।

Source — https://www.hadithbd.com/books/link/?id=11916

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন